রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৭৬৪
তারিখ ২৭/১১/২০২৫
স্থাপিত: ১৮৭৩

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প-পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
........ তারিখের মধ্যে
নথিতে দিবেন/উপস্থাপন করুন।
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.২৫.০০১.২৪-২২৬

১৭ অগ্রহায়ণ, ১৪৩২
২ ডিসেম্বর, ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: The Stipendium Hungaricum Scholarship Programme for 2026-2027.

হাঙ্গেরি সরকারের 'Stipendium Hungaricum Scholarship Programme 2026-2027'-শীর্ষক শিক্ষা বৃত্তির আওতায় Undergraduate, Master's, One-tier master's, Doctoral এবং Nuclear Energetics প্রোগ্রামে উচ্চ শিক্ষার জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচনের নিমিত্ত আবেদন আহবান করা হচ্ছে। হাঙ্গেরি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নে প্রদত্ত Link-এ আলাদা আলাদাভাবে অনলাইনে আবেদন করতে হবে।

২.০ The Stipendium Hungaricum Scholarship Programme for 2026-2027 এ আবেদন করার ক্ষেত্রে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়:

২.১ Undergraduate, Master's & Doctoral প্রোগ্রামে মোট ১৪০ টি বৃত্তি প্রদান করা হবে। Nuclear Energetics-এর জন্য (Undergraduate/Master's/Doctoral পর্যায়ে) ৩০টি বৃত্তি সংরক্ষিত থাকবে।

২.২ Undergraduate ও Master's Programme এ ভর্তির ক্ষেত্রে ৩১ আগস্ট, ২০২৬ তারিখে ন্যূনতম বয়স ১৮ (আঠারো) হতে হবে; অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ ৩১ আগস্ট, ২০০৮ বা তার পূর্বে হতে হবে (ব্যতিক্রম: Dance Study Programmes)।

২.৩ প্রার্থীর সকল সনদপত্রের প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে (সাময়িক সনদপত্র গ্রহণযোগ্য নয়)।

২.৪ বাংলাদেশ ব্যতিত অন্য দেশে/বিদেশি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারি শিক্ষার্থীদের ক্ষেত্রে তাদের ডিগ্রির সার্টিফিকেটের Equivalent Certificate-এর কপি জমা প্রদান করতে হবে।

২.৫ হাঙ্গেরি কর্তৃপক্ষের কাছে অনলাইন আবেদন করার লিংক: https://apply.stipendiumhungaricum.hu/

২.৬ https://apply.stipendiumhungaricum.hu/ লিংকের মাধ্যমে আবেদন করার সর্বশেষ তারিখ: ১৫ জানুয়ারি ২০২৬ সময়: 2 p.m. (Central European time) (বাংলাদেশ সময়: সন্ধ্যা ০৭:০০ টা)

২.৭ বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর অনলাইন আবেদন করার লিংক:

http://202.4.112.150:3030/

২.৮ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের Online লিংকটি ১৫ জানুয়ারি, ২০২৬ সন্ধ্যা ০৭ : ০০ টা পর্যন্ত কার্যকর থাকবে।

২.৯ বৃত্তির জন্য Application Process, Eligibility, Studying in Hungary ইত্যাদি বিষয়ে নির্দেশনা সংবলিত Stipendium Hungaricum Programme হতে প্রেরিত Bachelor's, Master's এবং Doctoral Programme এর Broshure বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।

৩.০ আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সংক্রান্ত নির্দেশনা:

৩.১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনলাইন লিংক এর মাধ্যমে পূরণকৃত আবেদনপত্রের Hard Copy এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশিট ও অন্যান্য ডকুমেন্ট বাংলাদেশ সচিবালয়ের ২নং গেইট সংলগ্ন অভ্যর্থনা কক্ষে প্রতিদিন সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে। উক্ত কক্ষ ব্যতীত অন্য কোথাও জমা দিলে সেসব আবেদন বিবেচনা করা হবে না।

৩.২ খামের উপর আবশ্যিকভাবে প্রেরক, প্রাপক (সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা), অনলাইন আবেদনের ID/Tracking Number এবং Program-এর নাম (Undergraduate/Master's/Doctoral/Nuclear Energetics) উল্লেখ করতে হবে। হার্ডকপি মন্ত্রণালয়ে জমাদানের শেষ তারিখ ১৬ জানুয়ারি ২০২৬ বিকাল ৫: ০০ টা।

৩.৩ প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে Language Proficiency (English) এর ওপর গুরুত্ব দেওয়া হবে।

৩.৪ **বিশেষভাবে উল্লেখ্য,** কোনো প্রার্থী একাধিক প্রোগ্রামে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ Undergraduate/Master's/Doctoral যে কোনো একটি প্রোগ্রামের জন্য আবেদন করা যাবে।

৩.৫ অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়।

৪.০ প্রার্থীদের প্রাথমিক বাছাই ও চূড়ান্তকরণের ক্ষমতা এ সংক্রান্ত কমিটি সংরক্ষণ করে।

সংযুক্তি:

(১) The Stipendium Hungaricum Scholarship Programme for 2026-2027-এর গাইডলাইন-৫৬ পাতা।

(২) Primary Information Form-০১ পাতা।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের অনলাইন আবেদন পূরণের নির্দেশিকা-০১ পাতা।

০২-১২-২০২৫

(এ.এস.এম. কাসেম)

উপসচিব

ফোনঃ +৮৮ ০২২২৩৩৯০৬৭২

ই-মেইল: ds_stp@moedu.gov.bd

নং: ৩৭.০০.০০০০.০৮০.২৫.০০১.২০২৪-২২৬/১(৯)

তারিখ: ১৭ অগ্রহায়ণ, ১৪৩২ / ২ ডিসেম্বর, ২০২৫

**বিতরণ (জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

৩. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

৪. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

৬. উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. সিস্টেম অ্যানালিস্ট, আই.সি.টি.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিসহ উক্ত বৃত্তি সংক্রান্ত সকল কাগজপত্র শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.১৮.০০০৬.২১.৪৫৩০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি ও অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। জনাব এ. এস. এম. কাসেক, উপসচিব, বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (ক: ও প্র: /প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৩। অধ্যক্ষ/পরিচালক, সরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ও উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট..............................................................(সকল)।
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক আগ্রহী ও উপযুক্ত প্রার্থী-কে বর্ণিত ওয়েবসাইটে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৪। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়......................................(সকল) (শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক আগ্রহী ও উপর্যুক্ত প্রার্থী-কে বর্ণিত ওয়েবসাইটে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।


১১-১২-২০২৫
ড. জাহিদা বেগম
সহকারী পরিচালক-২
০২-৪১০৫০৬১৮
dir-training@dshe.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.১৮.০০০৬.২১.৪৫৩০/১ (১)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**
১। সংরক্ষণ নথি, ।


১১-১২-২০২৫
ড. জাহিদা বেগম
সহকারী পরিচালক-২